চিকিৎসার জন্য সিঙ্গাপুর গেলেন অভিনেতা ফারুক

উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুর গেলেন সংসদ সদস্য ও চিত্রনায়ক ফারুক।

রোববার সকাল সাড়ে ৭টায় রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে কার্গো বিমানের একটি ফ্লাইটে ঢাকা ছাড়েন এ অভিনেতা। তার সঙ্গী হয়েছেন স্ত্রী ফারহানা ফারুক।

বিমানবন্দরে তিনি জানান, সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসা নেবেন তিনি। এর আগেও কয়েক দফায় এ হাসপাতালে চিকিৎসা নিয়েছেন এ আওয়ামী লীগ নেতা।

এক মাসেরও বেশি সময় ধরে জ্বর নিয়ে রাজধানীর ইউনাইটেড হাসপাতাল ও এভারকেয়ার হাসপাতাল ঘুরে শারীরিক অবস্থার আশাব্যঞ্জক উন্নতি না ঘটায় সিঙ্গাপুর গেলেন ফারুক।
গত মঙ্গলবার তার স্ত্রী ফারহানা ফারুক জানান, কয়েকবার তার নমুনা পরীক্ষায় করোনাভাইরাস নেগেটিভ এসেছে। পরীক্ষায় টাইফয়েডও নেই। শারীরিক কোনো উন্নতি না ঘটনায় সিঙ্গাপুরে নেয়ার সিদ্ধান্ত হয়েছে। তিনি ফারুকের সুস্থতা কামনায় দেশবাসীর কাছে দোয়া চেয়েছেন।

২০১৮ সালে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী হিসেবে ঢাকা-১৭ আসন থেকে সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হন ফারুক। বহু দিন ধরে তিনি বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের সঙ্গে জড়িত।

মসজিদে বিস্ফোরণ: ক্ষতিপূরণ স্থগিত চেয়ে তিতাসের আপিল

নারায়ণগঞ্জের পশ্চিম তল্লায় বাইতুস সালাত মসজিদে বিস্ফোরণের ঘটনায় হতাহত প্রত্যেকের পরিবারকে প্রাথমিকভাবে পাঁচ লাখ টাকা করে

ক্ষতিপূরণ দিতে হাইকোর্টের দেয়া আদেশ স্থগিত চেয়ে আপিল করেছে তিতাস গ্যাস কর্তৃপক্ষ।

রোববার তিতাস গ্যাস কর্তৃপক্ষের আইনজীবী ব্যারিস্টার মেজবাহুর রহমান এ আবেদন করেন।

তিনি বলেন, আপিল আবেদনটি আজ আপিল বিভাগের চেম্বারজজ আদালতে শুনানির জন্য কার্যতালিকায় রয়েছে।

এর আগে গত ৯ সেপ্টেম্বর নারায়ণগঞ্জের বাইতুস সালাত মসজিদে বিস্ফোরণের ঘটনায় নিহত ও ক্ষতিগ্রস্ত প্রত্যেকের পরিবারকে প্রাথমিকভাবে পাঁচ লাখ টাকা করে ক্ষতিপূরণ দিতে নির্দেশ দেন হাইকোর্ট। সাত দিনের মধ্যে তিতাস গ্যাস কর্তৃপক্ষকে এ টাকা নারায়ণগঞ্জের জেলা প্রশাসকের কাছে হস্তান্তর করতে বলা হয়। জেলা প্রশাসক ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে এ টাকা বিতরণ করবেন বলেও আদেশে বলা হয়। এ ছাড়া প্রতিটি ক্ষতিগ্রস্ত পরিবারকে কেন ৫০ লাখ টাকা করে ক্ষতিপূরণ দিতে নির্দেশ দেয়া হবে না তাও জানতে চেয়ে রুল জারি করেন আদালত।

এ সংক্রান্ত এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে হাইকোর্টের বিচারপতি জেবিএম হাসান ও বিচারপতি মো. খায়রুল আলমের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন।
আদালতে ওই দিন রিটের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট তৈমুর আলম খন্দকার ও ব্যারিস্টার মার-ই-য়াম খন্দকার। অন্যদিকে রাষ্ট্রপক্ষে ছিলেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল মুরাদ রেজা ও ডেপুর্টি অ্যাটর্নি জেনারেল নূর উস সাদিক।

এর আগে গত ৭ সেপ্টেম্বর নারায়ণগঞ্জের পশ্চিম তল্লা এলাকার বাইতুস সালাত মসজিদে বিস্ফোরণের ঘটনায় ক্ষতিগ্রস্তদের ৫০ লাখ টাকা করে ক্ষতিপূরণ দেয়ার নির্দেশনা চেয়ে এ রিট করা হয়। এ ছাড়া ওই ঘটনায় দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে রিটে নির্দেশনা চাওয়া হয়। নারায়ণগঞ্জের বাসিন্দা ও সুপ্রিমকোর্টের আইনজীবী ব্যারিস্টার মার-ই-য়াম খন্দকার জনস্বার্থে এ রিট করেন।

করোনায় আরও ৩১ জনের মৃত্যু, নতুন শনাক্ত ১৪৭৬

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৩১ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৭৩৩ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ১ হাজার ৪৭৬ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ৩ লাখ ৩৭ হাজার ৫২০ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৩৭২ জন এবং মোট সুস্থ ২ লাখ ৪০ হাজার ৬৪৩ জন।

রোববার স্বাস্থ্য অধিদফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ১২ হাজার ৯৯৯টি নমুনা পরীক্ষা করে ১ হাজার ৪৭৬ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট শনাক্ত ৩ লাখ ৩৭ হাজার ৫২০।

এই সময়ে দেশে আরও ৩১ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৭৩৩ জন কোভিড রোগীর মৃত্যু হলো।

শনাক্ত বিবেচনায় মৃত্যুর হার ১ দশমিক ৪০ শতাংশ।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৩৭২ জন এবং মোট সুস্থ ২ লাখ ৪০ হাজার ৬৪৩ জন।

গত বছরের ডিসেম্বরে চীন থেকে উৎপত্তি হওয়া প্রাণঘাতী করোনাভাইরাস বাংলাদেশসহ বিশ্বের ২১৩টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে।

গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারী ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশে প্রথম কোভিড-১৯ রোগী শনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

গাংনীর ইকোপার্কে কৃষক লীগের উদ্দ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী

মেহেরপুর জেলার ইতিহাস বিজড়িত স্থান ভাটপাড়া ডিসি ইকো পার্কে ‘মুজিব বর্ষের আহব্বান তিনটি করে গাছ লাগান’ এই স্লোগান কে সামনে রেখে আজ শনিবার বিকেলে মেহেরপুর জেলা কৃষক লীগের উদ্দ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী অনুষ্ঠিত হয়।

বৃক্ষরোপন কর্মসূচীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারন সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

তিনি জানান, মুজিব শতবার্ষিকি উপল্ক্ষ্যে মেহেরপুর জেলা ব্যাপি মসজিদ মাদ্রাসা, বাগান, রাস্তার পাশে, পার্কে সহ বিভিন্ন স্থানে এ পর্যন্ত ৫০,০০০ হাজার বৃক্ষ রোপন করতে সক্ষম হয়েছি। এবং মুজিব বর্ষতে আমাদের বৃক্ষরোপন কর্মসূচী কার্যক্রম অব্যাহত থাকবে। সেই সাথে ধন্যবাদ যারা আমার সাথে যারা বৃক্ষ রোপন কর্মসূচী গুলোকে সাফল্যে করতে সহযোগিতা করে আসছেন।

অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের ত্রাণ ও সমাজ কল্যান বিষয়ক সম্পাদক ও কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, গংনী উপজেলা কৃষক লীগের সাধারন সম্পাদক আতিয়ার রহমান, মেহেরপুর জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদ মর্শেদ অতুল, গংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম ও সাবেক সাধারন সম্পাদক বিপ্লব হোসেন সহ আওয়ামী লীগ, কৃষকলীগ, যুবলীগ, ছাত্রলীগ সহ সকল অঙ্গ সংগঠনের নেত্রী বৃন্দ।

এসময় ইউ পি চেয়ারম্যান মিজানুর রহমান রানা তার বক্তব্য বলেন, গাছ লাগান পরিবেশ বাচান গাছ যেমন পরিবেশের ভারষম্য রক্ষা করেন তেমনি আরো বিভিন্ন ধরনের কাজে আসবাব পত্রের কাজে লেগে থাকে সেই লক্ষ্যে মুজিব শত বার্ষিকী উপলক্ষ্যে তিনটি করে গাছ আমরা সকলে লাগাবো। সেই সাথে আমি কাথুলী ইউনিয়নের পক্ষ থেকে জন্ম শতবার্ষীকি উপলক্ষ্যে ১৮০০ চারা উপহার হিসেবে দিলাম।

এছাড়া আরো বক্তব্য রাখে মেহেরপুর জেলা পরিষদের প্যানেল সভাপতি তৌহিদুল ইসলাম, সাবেক সাধারন সম্পাদক বিপ্লব হোসেন সহ আরো অনেকে।

চতুর্থ শিল্প বিপ্লবের নেতৃত্বের পথে ডিজিটাল বাংলাদেশ

“চতুর্থ শিল্প বিপ্লব এবং ডিজিটাল বাংলাদেশ” শীর্ষক ওয়েবিনারে দেশের তথ্যপ্রযুক্তিবিদ, শিক্ষাবিদ, অধ্যাপক ও তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞদের নিয়ে অনলাইন ভিত্তিক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আগামীর বাংলাদেশ প্রযুক্তির দিক দিয়ে বিশ্বের মধ্যে অগ্রগণ্য ভূমিকা রাখবে বলে মতামত প্রকাশ করেন আলোচকরা।

গতকাল শুক্রবার রাতে অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবুর সভাপতিত্বে ওয়েবিনারের প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মোস্তফা জব্বার।

তিনি বলেন, আইসিটি ক্যাডারের প্রতি তাঁর পূর্ণ সমর্থন রয়েছে এবং কম্পিউটার পেশাজীবীদের জন্য পৃথক ক্যাডার খোলার ব্যাপারে তিনি সর্বদা তাঁর বলিষ্ঠ পদক্ষেপ অব্যাহত রাখবেন।

এছাড়াও তিনি আরও বলেন, বাংলাদেশ কম্পিউটার সোসাইটি হলো বাংলাদেশের তথ্য প্রযুক্তিবিদদের একটি প্রাচীনতম সংগঠন যার সহযোগিতার জন্য তিনি সর্বদা প্রস্তুত।

ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ কম্পিউটার সোসাইটির জেনারেল সেক্রেটারী মোঃ তমিজ উদ্দীন আহমেদ।

বিশেষ অতিথি হিসেবে যুক্ত ছিলেন, বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ মোঃ ছাদেকুল আরেফিন।

তিনি বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের ধারা অব্যাহত থাকলে বাংলাদেশ এগিয়ে যাবে দূর থেকে বহুদূর।

বাংলাদেশ কম্পিউটার সোসাইটির প্রেসিডেন্ট অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে এবংমাননীয় আইসিটি উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয়ের বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণের ফলে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ ইতিমধ্যে অনেক দূর এগিয়ে গেছে।

তিনি আরো বলেন ভবিষতে চতুর্থ শিল্প বিপ্লবকে কাজে লাগিয়ে বাংলাদেশের উন্নয়নের ধারাকে আরো বেগবান করতে হবে। বাংলাদেশ কম্পিউটার সোসাইটির সভাপতি একই সাথে মাননীয় প্রধানমন্ত্রী ও আইসিটি উপদেষ্টার কাছে তথ্যপ্রযুক্তিবিদদের নানামুখী সমস্যা সমাধানের জন্য বিশেষভাবে অনুরোধ করেন।

এছাড়াও মূল আলোচক হিসেবে যুক্ত ছিলেন, অধ্যাপক ডঃ রামেশ্বর দেবনাথ ডিজিটাল বাংলাদেশের প্রেক্ষাপট ও চতুর্থ শিল্প বিপ্লবের অগ্রযাত্রার কথা তুলে ধরেন।

অনান্যদের মধ্যে আলোচক হিসেবে যুক্ত ছিলেন, অধ্যাপক ডঃ নাসিম আখতার এবং অধ্যাপক ডঃ মোঃ শামসুল আরেফিন প্রমুখ।

অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন, কাউন্সিলর মোঃ জারাফাত ইসলাম। ভার্চুয়াল সেমিনারে জুমের মাধ্যমে শতাধিক তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞ উপস্থিত ছিলেন।

সমাজ ও রাষ্ট্রের উন্নয়ন তরুণদের হাতেই- এমপি খোকন

সমাজ ও রাষ্ট্রের উন্নয়ন তরুণদের হাতেই। তরুণের হাতে সমাজের ভালো কাজগুলো হয়। বললেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

মেহেরপুরের গাংনীতে স্বেচ্ছাসেবী ও সামাজিক সংগঠন কাম ফর

হিউম্যানিটির ২য় প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তৃতায় কথাগুলো বলেন তিনি।

শনিবার দুপুরে গাংনী উপজেলা অডিটোরিয়ামে এ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়।

সংগঠনের সভাপতি মামুন অর রশীদ বিজনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, পৌর আওয়ামী লীগের সম্পাদক আনারুল ইসলাম বাবু ও গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম।

এসময় উপস্থিত ছিলেন বিভিন্ন শ্রেণীপেশার মানুষ।

মেহেরপুরে নতুন ৩ জন করোনায় আক্রান্ত :: মোট ৫৮১

মেহেরপুরে নতুন করে আরো ৩ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এর মধ্যে সদর উপজেলায় ২ জন, মুজিবনগরে ১জন। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়িয়েছে ৫৮১ জনে।

আজ সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ১৪ টি রিপোটের মধ্যে ৩ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩৭৮২ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ৬০ (সদর-২৩, গাংনী- ২৬ , মুজিবনগর – ১১) জন।

এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১৫ জনের। তার মধ্যে সদরে- ৭, গাংনী- ৬, মুজিবনগর- ২)।

সুস্থ হয়েছেন ৪৬৩ (সদর-২৫২, গাংনী -১৬৮, মুজিবনগর- ৪৩) জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৪০ জনকে।

জীবননগর হাসাদাহ ইউনিয়ন বিএনপি’র আলোচনা সভা অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি কে সু-সংগঠিত করার লক্ষ্যে গতকাল বিকাল ৫ ঘটিকার সময় হাসাদাহ ইউনিয়ন বিএনপি’র এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

হাসাদাহ ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আব্দুস সালামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর থানা বিএনপি’র সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন খান খোকন।

এ সময় উক্ত আলোচনা অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ইউনিয়ন বিএনপি’র অন্যতম নেতা সাবেক সিনিয়র সহ-সভাপতি রেজাউল ইসলাম লাল, সিনিয়র নেতা শফিকুল আলম লিটন, আব্দুল্লাহ আল-মামুন, মিজানুর রহমান।

আরো উপস্থিত ছিলেন জীবননগর থানা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক সাইদুর রহমান রানা, মামুনুর রশিদ, মেহেদী হাসান, তরিকুল ইসলাম, শাহিন, ছাত্রদল নেতা রুবেল হোসেন, রিমন হোসেন, মাহমুদ হাসান কবির, আক্তারুজ্জামান সহ অত্র ইউনিয়নের সকল নেতা কর্মীবৃন্দ।

এ সময় উপস্থিত সকলে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি কে সুসংগঠিত করার লক্ষে সকলকে এক হয়ে কাজ করার জন্য আহ্বান জানান।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় বৃদ্ধার মৃত্যু

মেহেরপুরের মদনাডাঙ্গা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় রোকেয়া খাতুন
(৬৫) নামের এক বৃদ্ধার মৃত্যু হয়েছে।

আজ শুক্রবার সকাল ৬ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। রোকেয়া খাতুন সদর উপজেলার নতুন মদনাডাঙ্গা গ্রামের মরহুম মেসের আলীর স্ত্রী।

জানাযায়, মেহেরপুর-কুষ্টিয়া সড়কে মদনাডাঙ্গা নামক স্থানে চলন্ত পিকআপ (ইন্টারনেট সংযোগ প্রদানের জন্য ব্যবহৃত) এর ধাক্কায় রোকেয়া খাতুনের মৃত্যু হয়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকাল ৬ টার দিকে নিয়মিত ব্যায়ামের উদ্দেশ্যে হাটতে বাড়ি থেকে বের হয় বৃদ্ধ রোকেয়া খাতুন। কিছুক্ষণ পর কুষ্টিয়ার দিক থেকে আসা দ্রুতগামী একটি পিকআপ তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে লাশ উদ্ধার করে।

স্থানীয়রা আরও জানান, প্রায় দুই যুগ পূর্বে তার স্বামী একই স্থানে সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেছিলেন। এ ঘটনায় ওই এলাকায় শোক নেমে এসেছে।

ঘটনার পর সেখানে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেন।

কোটচাঁদপুরে বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন

“বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি” এই শ্লোগান নিয়ে অপরাধ দমন এবং পুলিশী সেবা বাড়ীতে গিয়ে পৌঁছে দেওয়ার লক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর সভার ১,২,৩ নম্বর বিটের বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে কোটচাঁদপুর মডেল থানার আয়োজনে স্থানীয় পৌর শহরের আদর্শ পাড়ার সনি আবাসিক হোটেল চত্তরে কার্যক্রমের উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান পিপিএম। এসময় তিনি বলেন, পুলিশ জনগণের বন্ধু। জনগণের জান মালের নিরাপত্তায় পুলিশ সর্বদা কাজ করে যাচ্ছে। পুলিশি সেবা জনসাধারণের

বাড়ীতে বাড়ীতে পৌছে দিতে বিট পুলিশিং কার্যক্রম শুরু হয়েছে।

কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা আ. লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, মডেল থানার ওসি (তদন্ত) ইন্সপেক্টর ইমরান আলম,

পৌর ফাঁড়ি ইনচার্জ ইন্সপেক্টর আক্তারুজ্জামান লিটন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, পৌর আ. লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, যুগ্ন-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সহ, রাজনৈতিক, সামাজিক, সাংবাদিক ও নানা শ্রেণী পেশার মানুষ।